# আবহাওয়া ভিত্তিক কৃষি বিষয়ক বুলেটিন
## জেলা: বান্দরবান

কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প
কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

| | |
|---|---|
| তারিখ : (১৯ জানুয়ারি,২০১৯) বুলেটিন নং ১১২ | ১৯ জানুয়ারি হতে ২৩ জানুয়ারি, ২০২০ পর্যন্ত কৃষি আবহাওয়া বিষয়ক বুলেটিন |

গত ৪ দিনের আবহাওয়া পরিস্থিতি ১৫ জানুয়ারি হতে ১৮ জানুয়ারি, ২০১৯ তারিখ পর্যন্ত

| আবহাওয়ার স্থিতিমাপ(প্যারামিটার) | ১৫ জানুয়ারি | ১৬ জানুয়ারি | ১৭ জানুয়ারি | ১৮ জানুয়ারি | সীমা |
|---|---|---|---|---|---|
| বৃষ্টিপাত (মি.মি) | ০.০ | ০.০ | ০.০ | ০.০ | ০.০-০.০ (০.০) |
| সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড) | ২৭.০ | ২৮.৬ | ২৯.৮ | ২৯.৩ | ২৭.০-২৯.৮ |
| সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড) | ১৪.২ | ১৫.৩ | ১৫.৩ | ১৫.০ | ১৪.২-১৫.৩ |
| আপেক্ষিক আর্দ্রতা (শতকরা) | ৪৬.০-৯১.০ | ৪৯.০-৯০.০ | ৪৪.০-৯০.০ | ৪১.০-৯১.০ | ৪১-৯১ |
| বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা) | ৩.৭ | ৫.৬ | ৩.৭ | ৩.৭ | ৩.৭-৫.৫৫ |
| মেঘের পরিমান (অক্টা) | ০ | ০ | ০ | ০ | ০-০ |
| বাতাসের দিক | উত্তর/উত্তর-পশ্চিম | উত্তর/উত্তর-পশ্চিম | উত্তর/উত্তর-পশ্চিম | উত্তর/উত্তর-পশ্চিম | উত্তর/উত্তর-পশ্চিম |

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর হতে প্রাপ্ত আগামী ০৫ দিনের আবহাওয়া পূর্বাভাস
(১৯ জানুয়ারি হতে ২৩ জানুয়ারি, ২০২০) তারিখ পর্যন্ত

| আবহাওয়ার স্থিতিমাপ(প্যারামিটার) | সীমা |
|---|---|
| বৃষ্টিপাত (মিমি) | ০.০-০.০ (০.০) |
| সর্বোচ্চ তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড) | ২৫.৬-২৭.৭ |
| সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেন্টিগ্রেড) | ১৩.২-১৪.৬ |
| আপেক্ষিক আর্দ্রতা (শতকরা) | ৩৮.০-৭৭.০ |
| বাতাসের গতিবেগ (কিমি/ ঘন্টা) | ২.৩-৩.৫ |
| মেঘের পরিমান (অক্টা) | আংশিক মেঘাচ্ছন্ন |
| বাতাসের দিক | উত্তর/উত্তর-পশ্চিম |

**কৃষি আবহাওয়া পরামর্শ:**

সাধারণ পরামর্শ:

সাধারণ পরামর্শ:

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস অনুযায়ী আগামী ২৪ ঘণ্টায় অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে। কোথাও কোথাও হালকা থেকে মাঝারি কুয়াশা পড়তে পারে। রাতের তাপমাত্রা ১-২°সে. হ্রাস পেতে পারে এবং দিনের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে। পরবর্তী ৭২ ঘণ্টায় রাতের তাপমাত্রা আরও হ্রাস পেতে পারে। জেলাভিত্তিক মধ্যমেয়াদি পূর্বাভাস অনুযায়ী জেলার আবহাওয়া শুষ্ক থাকার সম্ভাবনা রয়েছে।

**সবজি:**

- সেচ প্রদান করুন।
- বহুবর্ষজীবী সবজির ক্ষেত্রে অর্গানিক মালচিং এর ব্যবস্থা করুন।
- টমেটোতে হলুদাভ বাদামী দাগ দেখা গেলে প্রতি লিটার পানিতে ২.৫-৩ গ্রাম ম্যানকোজেব মিশিয়ে স্প্রে করুন।
- বেগুন, টমেটো ও মরিচের ফল ছিদ্রকারী পোকার আক্রমণ হতে পারে। আক্রমণ দেখা গেলে প্রতি একরে ৩-৪ টি ফেরোমন ফাঁদ স্থাপন করুন।
- বর্তমান আবহাওয়ায় সবজিতে শোষক পোকার আক্রমণ দেখা দিতে পারে, অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করুন।

**বোরো ধান:**

- সেচ প্রদান করে বীজতলা তৈরি অব্যাহত রাখুন ।জমিতে চারা লাগানো শুরু করুন।
- সকাল বেলা চারার ওপর জমে থাকা শিশির সরিয়ে ফেলুন।
- বীজতলার চারা হলুদ হয়ে গেলে প্রতি শতকে ২৮৩ গ্রাম হারে ইউরিয়া প্রয়োগ করুন।
- যদি ইউরিয়া প্রয়োগের পর ও চারা পুনরুদ্ধার না হয়, প্রতি শতকে ৪০০ গ্রাম জিপসাম প্রয়োগ করতে হবে।
- ভাল বীজ অংকুরোধগমনের জন্য বীজতলায় ছাই প্রয়োগ করা যেতে পারে।
- বীজের অঙ্কুরোদগম ও চারার বৃদ্ধিতে নিম্ন তাপমাত্রার প্রভাব কমিয়ে আনার জন্য বীজতলা দিনের বেলা পলিথিন শীট দিয়ে ঢেকে রাখুন এবং বিকেলে তা সরিয়ে ফেলুন। এছাড়াও রাতের বেলা সেচ দিয়ে খুব ভোরে পানি সরিয়ে ফেলে ঠান্ডা আবহাওয়ায় চারার বৃদ্ধি ত্বরান্বিত করা যায়।
- বীজতলায় ৩-৫ সে.মি পানির স্তর বজায় রাখুন।

**আলু:**

- দ্বিতীয় সেচ ৬০ দিন পর এবং তৃতীয় সেচ ৮০ দিন পর দিতে হবে।
- নাবী ধ্বসা রোগ থেকে রক্ষার জন্য মাঠ পর্যবেক্ষণ করুন। কুয়াশাময় আবহাওয়া দীর্ঘায়িত হলে অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করুন
- মাটি ভালভাবে ঝুরঝুরে করে নিতে হবে। হালকা সেচ ২-৩বার প্রয়োগ করতে হবে মাটি ঝুরঝুরে করার আগে।
- কচুরিপানা, খড় প্রভৃতি দিয়ে জমিতে মালচিং এর ব্যবস্থা করুন
- লাল পিপড়া ও কাটুই পোকার আক্রমণ হলে প্রতি বিঘায় ৫ কেজি হারে ম্যালাথিয়ন ৫% ডাস্ট প্রয়োগ করুন

**চীনা বাদাম:**

- হালকা সেচ প্রয়োগ করুন।
- বর্তমান আবহাওয়ায় থ্রিপস পোকার আক্রমন দেখা দিতে পারে। অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করুন।
- বর্তমান আবহাওয়ার পরিস্থিতিতে চীনা বাদামে লিফ মাইনর, শোষক পোকা এবং টিক্কা পাতা দাগ রোগ দেখা দিলে, অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করুন।

**উদ্যান ফসল:**

- কচি ফল গাছকে নিম্ন তাপমাত্রার ক্ষতিকর প্রভাব থেকে রক্ষা করুন।
- কোল্ড প্যারালাইসিস থেকে রক্ষার জন্য ছোট উদ্যানতাত্বিক উদ্ভিদ ঘাস দিয়ে ঢেকে দিন।
- ঠান্ডাজনিত ক্ষতিকর প্রভাব থেকে রক্ষার জন্য ফল গাছে নিয়মিত হালকা সেচ প্রদান করুন। কচি ফল গাছ ঠাণ্ডা হাওয়া থেকে রক্ষার জন্য খড়/পলিথিন শীট/ চটের ব্যাগ দিয়ে ঢেকে দিন।
- অর্গানিক মালচিং এর ব্যবস্থা করুন এবং আগাছা নিধন করুন।
- ৩-৪ মাস বয়সী কচি কলাগাছে সিউডোস্টেম উইভিল এর আক্রমণ হলে প্রতি লিটার পানিতে ২ মিলি হারে ক্লোরোপাইরিফস মিশিয়ে স্প্রে করুন।
- নারিকেলের বাড রট রোগ দেখা দিলে আশেপাশের গাছ সহ আক্রান্ত গাছে বোর্দো মিক্সচার প্রয়োগ করুন।
- নারিকেল গাছে ১৫ দিন পর পর সেচ প্রয়োগ করুন।
- আমে শুটি মোল্ড রোগ দেখা দিতে পারে। অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করুন।

**গবাদি পশু:**

- রাতের তাপমাত্রা কমে আসছে। নিউমোনিয়া থেকে সুরক্ষায় সকালে ও সন্ধ্যায় দুগ্ধবতী গাভী ও বাছুরকে চটের বস্তা দিয়ে জড়িয়ে দিন।
- তরকা, পিপিআর ও খুরা রোগ থেকে রক্ষায় গবাদি পশুকে নিয়মিত টীকা দিন।
- গোয়াল ঘরের চালা ও মেঝে পরিষ্কার রাখুন।
- গবাদি পশুকে কৃমিনাশক দিন।
- গবাদী পশকে প্রোটিন সমৃদ্ধ খাবার দিন।

**হাঁসমুরগী:**

- পশু চিকিৎসকের পরামর্শ নিয়ে এক সপ্তাহের বাচ্চাকে রানীক্ষেত রোগের এবং দুই সপ্তাহের বাচ্চাকে গামবোরো রোগের টীকা দেওয়া যেতে পারে।
- সপ্তাহে দুই দিন থাকার জায়গা পরিষ্কার করুন।
- চার পাশে চটের ব্যাগ বা প্লাস্টিকের পর্দা দিয়ে ঠান্ডা বাতাস থেকে মুরগীর বাচ্চাকে রক্ষা করুন।
- মুরগীর খোয়াড়ে সন্ধ্যার পর ১-২ ঘণ্টা বাল্ব জ্বালিয়ে রাখলে ডিম উৎপাদন বৃদ্ধি পাবে এবং রোগ বালাই কমে যাবে।

**মৎস্য:**

- শীতকালে বিভিন্ন ব্যাকটেরিয়াজনিত রোগ থেকে মাছ রক্ষা করুন।
- পুকুরের পানি পরিষ্কার রাখুন।
- শীতকালে খাবারের পরিমান কমিয়ে দিন।
- বেলা ২-৩ টার মধ্যে খাবার দিন।